সংযুক্তি:

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

১। আবেদনকারীর নাম : সাইফুল আলম
পিতার নাম : রফিকুল আলম
মাতার নাম : আমেনা বেগম
বর্তমান ঠিকানা : বাড়ি নং- ৫২, রাস্তা নং- ৬, বক নং- বি, মিরপুর- ৬, ঢাকা- ১২১৬।
স্থায়ী ঠিকানা : গ্রাম- খাতামধুপুর, ডাকঘর- খাতামধুপুর, উপজেলা- সৈয়দপুর, জেলা- নীলফামারী।
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) : মোবাইল: ০১৫৫১ ২৩৪৫৬৭।
পেশা : বেসরকারী চাকুরী।

২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : আমি এদেশের একজন নাগরিক হিসেবে "তথ্য অধিকার আইন ২০০৯" এর ৮(১) ধারার ভিত্তিতে নিম্নলিখিত বিষয়ের তথ্য পাওয়ার জন্য আবেদন করছি:

১. ২০১০ সালের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশন এলাকার মহাখালী থেকে এয়ারপোর্ট পর্যন্ত রাস্তাটির যে সংস্কার কাজ হয়েছে তা কোন নীতিমালা ও সিদ্ধান্তের ভিত্তিতে হয়েছে এবং কখন কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিয়োগ করা হয়েছে তার ফাইল দেখতে চাই।

২. উক্ত ঠিকাদার নিয়োগ প্রক্রিয়ার সরকারী কার্যবিবরণী ও সিদ্ধান্ত গ্রহণকারীদের পদবীসহ নামের তালিকা সংক্রান্ত ফাইল দেখতে চাই।

৩. উক্ত রাস্তা সংস্কারের ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের পূর্ণাঙ্গ চুক্তিপত্রের ফটোকপি পেতে চাই।

আশাকরি, আইনের ৯(১) ধারার ভিত্তিতে উলেখিত বিষয়ের তথ্য নির্ধারিত ২০ কার্য দিবসের মধ্যে প্রদান করবেন। উলেখ্য যে, এজন্যে আইন অনুযায়ী নির্ধারিত মূল্য পরিশোধ করতে আমি প্রস্তুত আছি।

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি/অথবা অন্য কোন পদ্ধতি) : সরাসরি অফিসে গিয়ে ফাইল দেখে এবং ফটোকপি গ্রহণের মাধ্যমে।

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : সাইফুল আলম, বাড়ি নং- ৫২, রাস্তা নং- ৬, বক নং- বি, মিরপুর- ৬, ঢাকা- ১২১৬।
মোবাইল: ০১৫৫১ ২৩৪৫৬৭।

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : প্রযোজ্য নহে।

৬। তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা সচিব, ঢাকা সিটি কর্পোরেশন, নগর ভবন, গুলিস্তান, ঢাকা-১০০০।

৭। আবেদনের তারিখ : ০২ ডিসেম্বর ২০১০।

সাইফুল আলম
আবেদনকারীর স্বাক্ষর

আপীল আবেদনপত্র

১। আপীলকারীর নাম ও ঠিকানা	:	সাইফুল আলম, বাড়ি নং- ৫২, রাস্তা নং- ৬, বম্লক নং- বি, মিরপুর- ৬, ঢাকা- ১২১৬। মোবাইলঃ ০১৫৫১ ২৩৪৫৬৭।
২। আপীলের তারিখ	:	০২ জানুয়ারী ২০১১।
৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে উহার কপি	:	এ পর্যন্ত কোন তথ্য/আদেশ/জবাব/নির্দেশ প্রদান করা হয়নি।
৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নাম সহ আদেশের বিবরণ	:	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা সচিব, ঢাকা সিটি কর্পোরেশন, নগর ভবন, গুলিস্তান, ঢাকা-১০০০।
৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ	:	আমি সাইফুল আলম, গত ০২ ডিসেম্বর ২০১০ তারিখে 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাংলাদেশ এর ৮ (১) ধারার ভিত্তিতে উলেখিত কর্তৃপক্ষের কাছে নিম্নলিখিত বিষয়ে তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ জানাচ্ছি ১. ২০১০ সালের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশন এলাকার মহাখালী থেকে এয়ার পোর্ট পর্যন্ত রাস্তাটির যে সংস্কার কাজ হয়েছে তা কোন নীতিমালা ও সিদ্ধান্তের ভিত্তিতে হয়েছে এবং কখন কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিয়োগ করা হয়েছে তার ফাইল দেখতে চাই। ২. উক্ত ঠিকাদার নিয়োগ প্রক্রিয়ার সরকারী কার্যবিবরণী ও সিদ্ধান্ত গ্রহণকারীদের পদবীসহ নামের তালিকা সংক্রান্ত ফাইল দেখতে চাই। ৩. উক্ত রাস্তা সংস্কারের ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের পূর্ণাঙ্গ চুক্তিপত্রের ফটোকপি পেতে চাই। উলেখ্য যে, একই আইনের ৯ (১) ধারার ভিত্তিতে উলেখিত কর্তৃপক্ষ নির্ধারিত ২০ কার্যদিবসের মধ্যে তথ্য/জবাব/নির্দেশ প্রদানে বাধ্য থাকলেও আজ পর্যন্ত আমাকে কোন তথ্য/জবাব/নির্দেশ প্রদান করেন নি। তাই উলেখিত বিষয়ের তথ্য পাওয়ার জন্য আইনের ২৪ (১), (২), (৩) ও (৪) ধারার ভিত্তিতে আমি আপীল করতে বাধ্য হচ্ছি।
৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ	:	'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ৯ (১) ধারা অনুযায়ী সংশিষ্ট কর্তৃপক্ষকে নাগরিকদের কাছে তথ্য সরবরাহ/প্রদানের জন্য বাধ্য করা হয়েছে। কিন্তু তথ্য সরবরাহ/প্রদানের জন্য আইনে নির্ধারিত ২০ কার্যদিবস ইতিমধ্যে অতিক্রান্ত হলেও আজ পর্যন্ত উলেখিত কর্তৃপক্ষ আমাকে কোন তথ্য/জবাব/নির্দেশ প্রদান করেনি, যা 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ৮ (১) ও ৯ (১) ধারার সুস্পষ্ট লংঘন এবং আইন অবমাননার সামিল বলে মনে করি।
৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি	:	'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ৮ (১), ৯ (১) এবং ২৪ (১), (২), (৩) ও (৪) ধারা এবং উপ-ধারা হচ্ছে আমার এই আপীল আবেদনের প্রতিকারের যুক্তি/ভিত্তি।

৮।	আপীলকারী কর্তৃক প্রত্যয়ন	: আমি সাইফুল আলম, পিতা- রফিকুল আলম, এই মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে বর্ণিত আমার সকল তথ্য সম্পূর্ণ সঠিক।
৯।	অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন	: তথ্য প্রাপ্তির আবেদনপত্রের ফটোকপি।

সাইফুল আলম
আপীলকারীর স্বাক্ষর

অভিযোগপত্র

তারিখ: ১৬ জানুয়ারী ২০১০

প্রতি
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ
প্রত্নতত্ত্ব ভবন (অস্থায়ী ভবন)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭।

বিষয় ঃ অভিযোগ প্রসঙ্গে।

মহোদয়,
আমি সাইফুল আলম, বাংলাদেশের একজন নাগরিক। আমার বর্তমান ঠিকানা হচ্ছে বাড়ি নং- ৫২, রাস্তা নং- ৬, বক নং- বি, মিরপুর- ৬, ঢাকা- ১২১৬। আমি এদেশের "তথ্য অধিকার আইন, ২০০৯" এর ৮(১) ধারার ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা সচিব, ঢাকা সিটি কর্পোরেশন, নগর ভবন, গুলিস্তান, ঢাকা-১০০০-এর বরাবরে গত ০২ ডিসেম্বর ২০১০ তারিখে নিম্নলিখিত বিষয়ে তথ্য প্রাপ্তির জন্য আবেদন জানিয়েছি :
১. ২০১০ সালের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত ঢাকা সিটি কর্পোরেশন এলাকার মহাখালী থেকে এয়ারপোর্ট পর্যন্ত রাস্তাটির যে সংস্কার কাজ হয়েছে তা কোন নীতিমালা ও সিদ্ধান্তের ভিত্তিতে হয়েছে এবং কখন কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিয়োগ করা হয়েছে তার ফাইল দেখতে চাই।
২. উক্ত ঠিকাদার নিয়োগ প্রক্রিয়ার সরকারী কার্যবিবরণী ও সিদ্ধান্ত গ্রহণকারীদের পদবীসহ নামের তালিকা সংক্রান্ত ফাইল দেখতে চাই।
৩. উক্ত রাস্তা সংস্কারের ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের পূর্ণাঙ্গ চুক্তিপত্রের ফটোকপি পেতে চাই।
উলেখ্য যে, "তথ্য অধিকার আইন, ২০০৯" এর ৯ (১) ধারা অনুযায়ী তথ্য আবেদনপত্র গ্রহণের পরবর্তী ২০ কার্যদিবসের মধ্যে সংশিষ্ট কর্তৃপক্ষ আবেদনকারী হিসেবে আমাকে উলেখিত বিষয়ের তথ্য/জবাব/আদেশ প্রদানে বাধ্য থাকলেও আজ পর্যন্ত তা করা হয়নি। তাই একই আইনের ২৪ (১), (২), (৩) ও (৪) ধারার ভিত্তিতে সংশিষ্ট কর্তৃপক্ষের ঊর্ধ্বতন আপীল কর্তৃপক্ষের কাছে গত ০২ জানুয়ারী ২০১১ তারিখে আপীল আবেদন করতে বাধ্য হয়েছি। আইন অনুযায়ী আপীল আবেদন গ্রহণের পরবর্তী ১৫ দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/অফিস প্রধানকে নির্দেশ প্রদান করবার বিধান আছে। কিন্তু আইনের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও আজ অবধি আমাকে কোন তথ্য/জবাব/নির্দেশ বা উত্তর প্রদান করা হয়নি। আমি মনে করি, এটা আইনের সংশিষ্ট ধারার সুস্পষ্ট লংঘন এবং অবমাননার সামিল।
তাই এদেশের একজন নাগরিক হিসেবে আমার তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করার পাশাপাশি আইনটিকে সমুন্নত রাখার জন্য আইনের ২৫ এর সংশিষ্ট ধারা-উপধারার (যেমন - (১), (২), (৩), (৪), (৫) (৬), (৭), (৮), ও (৯)) ভিত্তিতে আপনার কাছে অভিযোগ দাখিল করতে বাধ্য হচ্ছি। আশা করি, আইনের ২৫ এর (১০), (১১), ২৬ ও ২৭ ধারা-উপধারা অনুযায়ী আমার অভিযোগ নিষ্পন্ন করে একজন নাগরিক হিসেবে আমার তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করার পাশাপাশি আইনটিকে সমুন্নত রাখতে সচেষ্ট থাকবেন।

আপনারই বিশ্বস্ত

সাইফুল আলম
অভিযোগকারীর স্বাক্ষর
মোবাইল: ০১৫৫১ ২৩৪৫৬৭।
সংযুক্তি:

১. তথ্য প্রাপ্তির আবেদনপত্রের ফটোকপি
২. আপীলের ফটোকপি।